সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭

ফোন ঃ ৪১০২৫৬৩৮ ফ্যাক্স ঃ ৪১০২৫৬০১
ই-মেইল ঃ dg@coastguard.gov.bd

৩০ বৈশাখ ১৪৩৩

৪৪.০৮.২৬৮০.০০১.২২.০০১.২৬.২২ ১৩ মে ২০২৬

**অফিস আদেশ- জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং- ২০২১২৪)**

সূত্র ঃ

ক। কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০।
খ। জোনাল কমান্ডার পশ্চিম জোন পত্র নং ৪৪.০৮.০১৫৮.৩০০.০৮.২৪৩.২৫.৩৮৯ তারিখ ০৩ সেপ্টেম্বর ২০২৫।
গ। কোস্ট গার্ড সদর দপ্তর এলএম নং ৪৪.০৮.২৬৮০.০০৪.১২.০০১.২৫.৩১৬ তারিখ ১১ সেপ্টেম্বর ২০২৫।
ঘ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৫.২৬৩৯ তারিখ ১০ নভেম্বর ২০২৫।
ঙ। জোনাল কমান্ডার দক্ষিণ জোন ৪৪.০৮.০৯১৮.৪০০.২১.০০২.২৫.৩২৬ তারিখ ০৩ ডিসেম্বর ২০২৫।
চ। কোস্ট গার্ড মহপরিচালকের অস্থায়ী স্মারকলিপি নং ১৭/২০২৫ তারিখ ২৯ ডিসেম্বর ২০২৫।
ছ। তদন্ত কর্মকর্তার কার্যালয় দক্ষিণ জোন পত্র নং পিএফ/১৫৫৩/২০২৬/০৬ তারিখ ২২ জানুয়ারি ২০২৬।
জ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৬.৩১২ তারিখ ০৮ ফেব্রুয়ারি ২০২৬।
ঝ। জোনাল কমান্ডার দক্ষিণ জোন ৪৪.০৮.০৯১৮.৪০০.২১.০০২.২৬.৬৯২ তারিখ ০২ এপ্রিল ২০২৬।
ঞ। কোস্ট গার্ড সদর দপ্তর এলএম নং ৪৪.০৮.২৬৮০.০০৪.২৪.০০৩.২৬.১৪০ তারিখ ৩০ এপ্রিল ২০২৬।

১। যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) কোস্ট গার্ড পশ্চিম জোনে কর্মরত থাকাকালীন মায়ের অসুস্থতার কথা বলে গত ২৪ মে ২০২৫ হতে ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটিতে গমন করেন। ছুটি শেষে ২৮ মে ২০২৫ সকাল ০৮০০ ঘটিকায় কর্মস্থলে উপস্থিত থাকার কথা থাকলেও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত বিধি বহির্ভূতভাবে গত ২৮ মে ২০২৫ হতে ২৭ জুলাই তারিখ পর্যন্ত ৬১ (একষট্টি) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং গত ২৮ জুলাই ২০২৫ তারিখে কর্মস্থলে যোগদান করেন। কর্তৃপক্ষ কর্তৃক তার অনুপস্থিতকালীন সময়ে অবস্থান জানার জন্য একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। পরবর্তীতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার স্থায়ী ঠিকানায় কর্মস্থলে যোগদানের জন্য (রেজিস্ট্রি ডাকযোগে) গত ১৫ জুন এবং ০২ জুলাই ২০২৫ দুটি পত্র প্রেরণ করা হলে পত্র দুটি যথাক্রমে “প্রাপক চট্টগ্রামে অবস্থান করছেন” এবং “প্রাপক বাড়িতে নাই” মর্মে ফেরত আসে;

২। যেহেতু, তিনি গত ২৪ মে ২০২৫ হতে ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করেননি এবং ছুটি বর্ধিত করণের উদ্যোগও গ্রহণ করেননি, যা দায়িত্ব পালনে চরম অবহেলা ও চাকুরির প্রতি উদাসীনতা;

৩। যেহেতু, পর্ষদ তাকে অনুপস্থিতির কারণ জিজ্ঞাসাবাদ করলে তিনি প্রাথমিকভাবে পর্ষদকে কোন প্রকার তথ্য প্রদান করতে অস্বীকৃতি জানান। পরবর্তীতে তিনি জবানবন্দী প্রদান করলেও তাতে অসত্য এবং বিভ্রান্তমূলক বক্তব্য উপস্থাপনের মাধ্যমে পর্ষদকে দায়ী করার প্রবণতা লক্ষ্য করা যায়। তিনি অপ্রাসঙ্গিক বক্তব্য প্রদান করে পর্ষদকে বিভ্রান্ত করার চেষ্টা ও পর্ষদের প্রশ্নোত্তর পর্বে প্রশ্নের উত্তর প্রদান না করে চতুরতার সাথে এড়িয়ে যান;

৪। যেহেতু, তিনি গত ১১ মে হতে ১৭ মে ২০২৫ পর্যন্ত ০৭ দিনের নৈমিত্তিক ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদানের পর তাকে এমটিপুল হতে বিসিজি স্টেশন কৈখালী অস্থায়ী কর্তব্যে যাওয়ার জন্য বলা হলে তিনি তাতে অস্বীকৃতি জানান। পর্ষদের কার্য চলাকালে তার ব্যক্তিগত নথি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, বিভিন্ন সময়ে চাকুরীর শৃঙ্খলা ভঙ্গের জন্য যেমন- প্রাতঃকালীন সমাবেশে অনুপস্থিত থাকা, ইউনিফর্ম পরিধান করতে অনীহা প্রকাশ, কর্তৃপক্ষের মোবাইল ফোন রিসিভ না করা, কার্যদিবসে ঘুমানো, কর্তৃপক্ষের সাথে তর্কে জড়ানো, অপ্রাসঙ্গিক কথা বলার প্রবণতা, ডিউটিরত গেইট সেন্ট্রিদের নিকট পরিচয় দিতে অনীহা প্রকাশ সংক্রান্ত ঘটনার সূত্র ধরে বানৌজা তিতুমীরের গার্ড রুমে কর্তব্যরত পিওওডি ও পশ্চিম জোনের এফআইএস স্টাফদের সাথে উচ্ছৃঙ্খল আচরণ, ডিজেল চালিত সরকারি মোটরযানে অকটেন গ্রহণ করা, পেশাগত কাজে নিয়োগ করা হলে কর্তৃপক্ষের নিকট মিথ্যা অজুহাত পেশের প্রবণতার জন্য কারণ দর্শানোর নোটিশসহ কর্তৃপক্ষ কর্তৃক ইতঃপূর্বে সতর্ক প্রাপ্ত হয়েছেন এবং উল্লিখিত কর্মকাণ্ডের দ্বারা তিনি 'অসদাচরণ' এবং শৃঙ্খলাভঙ্গজনিত অপরাধ সংঘটিত করেছেন;

৫। যেহেতু, তিনি জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং শৃঙ্খলা বহির্ভূত আচরণ করে “কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০” এর ৩৯(ক), (খ) এবং (গ) প্রবিধি মতে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রাথমিক তদন্ত প্রতিবেদন পাওয়া যায়;

৬। যেহেতু, উপর্যুক্ত অপরাধে প্রাথমিক তদন্তের প্রতিবেদন অনুযায়ী 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৩৯(ক), (খ) এবং (গ) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করে একই প্রবিধানমালার প্রবিধান ৪৩(১)(খ) অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) এর দাখিলকৃত জবাব পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়;

৭। যেহেতু, তদন্ত কর্মকর্তার গত ০২ এপ্রিল ২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) এর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৩৯(ক), (খ) এবং (গ) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগের সত্যতা থাকায় তাকে গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়;

৮। যেহেতু, জারিকৃত ২য় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) নিকট হতে কোনো জবাব পাওয়া যায়নি। তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত গত ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে পুনরায় কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার অনুপস্থিতির প্রেক্ষিতে কোস্ট গার্ড দক্ষিণ জোন কর্তৃপক্ষ তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় যথাক্রমে ১৭ ফেব্রুয়ারি ২০২৬ এবং ০৯ মার্চ ২০২৬ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে (এ/ডি সহকারে) পত্র প্রেরণ করে। তবে সংশ্লিষ্ট ডাকঘর কর্তৃপক্ষ "প্রাপক না পাওয়ায় অত্র রেজিঃ ফেরত দেওয়া হলো" এবং "প্রাপক খোঁজ করেও পাওয়া যায়নি" মর্মে মন্তব্যসহ পত্রসমূহ ফেরত প্রদান করে। পরবর্তীতে তার ব্যক্তিগত নথিতে উল্লিখিত পিতা কর্তৃক ব্যবহৃত মোবাইল নম্বর (০১৭৭৯-৪৬০৫৩৫) এ কল রিসিভ না করায় যোগাযোগ সম্ভব হয়নি এবং ব্যক্তিগত মোবাইল নম্বর (০১৭১০-৪৬১৯৮২) বন্ধ পাওয়ায় কোনো প্রকার যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি;

৯। যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৪০(১)(খ)(উ) মোতাবেক **'চাকুরী হতে বরখাস্তকরণ'** করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১০। সেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪)-কে তার কৃত অপরাধের ব্যাপ্তি, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় 'বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০'-এর প্রবিধান ৪০(১)(খ)(উ) মোতাবেক গুরুদণ্ড হিসেবে **১০ ফেব্রুয়ারি ২০২৬** হতে **'চাকুরী হতে বরখাস্তকরণ'** আদেশ প্রদান করা হলো।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ জিয়াউল হক
রিয়ার এডমিরাল
মহাপরিচালক

বিতরণ ঃ
বহিস্থ ঃ
কার্য ঃ

জোনাল কমান্ডার দক্ষিণ জোন
অধিনায়ক, বিসিজি বেইস ভোলা
} - (এতদ্‌বিষয়ে গুরুদণ্ড কার্যকরকরতঃ পার্সোনেল পরিদপ্তরকে অবহিতকরণের অনুরোধসহ)।

জনাব মোঃ হাবিবুর রহমান হাবিব, ড্রাইভার (ব্যক্তিগত নং-২০২১২৪)
কোস্ট গার্ড দক্ষিণ জোন

অবগতি ঃ

জোনাল কমান্ডার পশ্চিম জোন
অধিনায়ক, বিসিজি বেইস মোংলা

অন্তস্থ ঃ
অবগতি ঃ

পরিচালক (লজিস্টিকস্) - বেতন ও আর্থিক বিষয়াদি নিরূপনের অনুরোধসহ।
পরিচালক (গোয়েন্দা)
পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ড ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
জাজ অ্যাডভোকেট জেনারেল